# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়


বাইএ/লাইফ-০৫/২০২৬/ ১০৫ ০১/০৭/২০২৬খ্রি.

**বিষয়: 'Comprehensive Course on Life Insurance' বিষয়ক ভার্চুয়াল প্রশিক্ষণ কোর্সে (জুম এ্যাপস) প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত।**

তারিখ: **২২-০৭-২০২৬ হতে ২৯-০৭-২০২৬ পর্যন্ত (প্রত্যহ বিকাল ২.৩০ ঘটিকা হতে শুরু) ।**

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি উল্লেখিত তারিখে **'Comprehensive Course on Life Insurance'** বিষয়ক একটি অনলাইন প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে যাচ্ছে। উল্লেখিত কোর্সটিতে জীবন বীমার মৌলিক নিয়ম-নীতি, প্রকারভেদ, শর্ত ও সুবিধা, বীমার পরিকল্প সমূহ, বীমা গ্রহীতার সেবা, বীমা পলিসি তামাদি ও দাবী নিষ্পত্তিসহ জীবন বীমার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়াদি সংযোজন করা হয়েছে, যার মাধ্যমে প্রশিক্ষণার্থীরা জীবন বীমা সংক্রান্ত পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির সুযোগ পাবে।

প্রশিক্ষণ কোর্সটির পাঠ্যক্রম দেশের বীমা বিশেষজ্ঞদের দ্বারা প্রণীত। বীমা পেশায় উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞ প্রশিক্ষকমন্ডলী দ্বারা কোর্সটি পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীরা কর্মক্ষেত্রে বীমা বিষয়ক যে সকল সমস্যাবলীর সম্মুখীন হয়ে থাকেন, তা পর্যালোচনা ও সমাধানের লক্ষ্যে প্রতিটি ক্লাশ শেষে **'১৫ মিনিট প্রশ্নোত্তর '** আলোচনা পর্বের ব্যবস্থা রয়েছে।

আপনার সদয় অবগতির জন্য কোর্সের এক কপি পাঠ্যক্রম এতদসংগে সংযুক্ত করা হলো। এছাড়া প্রশিক্ষণার্থীদের জন্য কোর্স ম্যাটেরিয়ালস একাডেমি থেকে সরবরাহ করা হবে।

উক্ত কোর্সে আপনার প্রতিষ্ঠান থেকে একাধিক প্রশিক্ষণার্থী/কর্মকর্তাকে নিম্নোক্ত ছক মোতাবেক মনোনীত করে **'বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি'** এর অনুকূলে কোর্স ফি জনপ্রতি ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মাত্র (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) আগামী ১৬ জুলাই, ২০২৬খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি।

| ক্রম নং | নাম | | পদবী | মোবাইল নম্বর WhatsApp | ই-মেইল |
|---|---|---|---|---|---|
| | বাংলা | ইংরেজী | | | |
| | | | | | |

কোর্স বিষয়ক প্রয়োজনীয় তথ্যের জন্য জনাব মোঃ আবুল কালাম আজাদ, MBA, ABIA, অনুষদ সদস্য, মোবাইল: ০১৩২০-৩৯১৪৭০, জনাব মোঃ রায়হানুল আবেদীন,ABIA, ইন্সট্রাক্টর, মোবাইল: ০১৭২২-৮১৭৯১২ অথবা কোর্স সহকারী, জনাব মোঃ মনিরুজ্জামান, মোবাইল: ০১৭১১-৯৬৩১৫৫ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

একাডেমির অডিট এন্ড একাউন্টস কার্যক্রমের সুবিধার্থে উল্লেখিত কোর্স ফি 'বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি' এর অনুকূলে ক্রস চেকের- মাধ্যমে অথবা

**হিসাবের নাম: বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি**

**হিসাব নং- 0200001097705**

**রাওটিং নং- 010263190**

ব্যাংক:- অগ্রণী ব্যাংক পিএলসি, মহাখালী কর্পোরেট শাখা, ঢাকা এর মাধ্যমে পরিশোধের জন্য অনুরোধ জানাচ্ছি।

একাডেমির শিক্ষা ও প্রশিক্ষণ কর্মকান্ডে আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

০১/৭/২০২১

(মো: জাকির হোসেন চৌধুরী)
পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
E-mail: bangladeshinsuranceacademy@gmail.com

**বিতরণ:**

১) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনসিওরেন্স এসোসিয়েশন-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
২) সিইও ও ব্যবস্থাপনা পরিচালক (সকল লাইফ ইনসিওরেন্স কোম্পানী)-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
৩) সিইও ও ব্যবস্থাপনা পরিচালক (সকল তফসিলি ব্যাংক)-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ- সদয় অবগতির জন্য
২) অতিরিক্ত সচিব (বীমা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-সদয় অবগতির জন্য
৩) সকল ফ্যাকাল্টি মেম্বার ও কর্মকর্তাগণ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
৪) সংশ্লিষ্ট নথি।



CamScanner